

🗏 আল-মুমিনুন | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩: ২৬

া আরবি মূল আয়াত:

قَالَ رَبِّ انصُرنِي بِمَا كَذَّبُونِ ﴿ ٢٤﴾

🗚 অনুবাদসমূহ:

নূহ বলল, 'হে আমার রব, আমাকে সাহায্য করুন। কেননা তারা আমাকে মিথ্যাবাদী বলেছে'। — আল-বায়ান নূহ বলল : 'হে আমার প্রতিপালক! তুমি আমাকে সাহায্য কর, কারণ তারা আমাকে মিথ্যেবাদী বলছে।' — তাইসিরুল

নূহ বলেছিলঃ হে আমার রাব্ব! আমাকে সাহায্য করুন। কারণ তারা আমাকে মিথ্যাবাদী বলেছে। — মুজিবুর রহমান [Noah] said, "My Lord, support me because they have denied me." — Sahih International

২৬. নূহ বলেছিলেন, হে আমার রব! আমাকে সাহায্য করুন, কারণ তারা আমার প্রতি মিথ্যারোপ করেছে।(১)

(১) অর্থাৎ আমার প্রতি এভাবে মিথ্যা আরোপ করার প্রতিশোধ নিন। যেমন অন্যত্র বলা হয়েছেঃ "কাজেই নূহ নিজের রবকে ডেকে বললেনঃ আমাকে দমিত করা হয়েছে, এখন আপনিই এর বদলা নিন।" [সূরা আল-কামারঃ ১০] অন্যত্র বলা হয়েছেঃ "আর নূহ বললোঃ হে আমার রব! এ পৃথিবীতে কাফেরদের মধ্য থেকে একজন অধিবাসীকেও ছেড়ে দিবেন না। যদি আপনি তাদেরকে থাকতে দেন তাহলে তারা আপনার বান্দাদেরকে গোমরাহ করে দেবে এবং তাদের বংশ থেকে কেবল দুষ্কৃতকারী ও সত্য অস্বীকারকারীরই জন্ম হবে।" [সূরা নূহঃ ২৬–২৭]

তাফসীরে জাকারিয়া

- (২৬) নূহ বলেছিল, 'হে আমার প্রতিপালক! আমাকে সাহায্য কর, কারণ তারা আমাকে মিথ্যাবাদী বলছে।' [1]
 - [1] ৯৫০ বছর দাওয়াত ও তবলীগের পর শেষ পর্যন্ত প্রভুর নিকট প্রার্থনা জানালেন, 'আমি অসহায় অতএব তুমি আমার সাহায্য কর।' (সূরা কামার ১০ আয়াত) মহান আল্লাহ তাঁর দু'আ কবুল করলেন এবং নিজ তত্বাবধানে ও নির্দেশ অনুযায়ী একটি কিঞ্জী নির্মাণ করতে আদেশ দিলেন।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2699

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন